# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আমি উঁচু পোস্টে এক সরকারী চাকরি করি। তাতে মোটা টাকা বেতন পাই। কিন্তু কখনও কখনও উপহার উপঢৌকন ও আসে। তা কি ঘুস এর পর্যায়ভুক্ত?

কোন প্রতিষ্ঠানের কর্মচারীর কাছে যে উপঢৌকন আসে, তা ওই প্রতিষ্ঠানের হবে। নিজে গ্রহণ করলে ঘুস খাওয়া হবে। আর তাতে খিয়ানতের আশঙ্কাও আছে। (ইবনে বাজ)

আবু হুমাইদ আব্দুর রহমান ইবনে সা'দ সায়েদি (রঃ) বলেন, নবী (সঃ) আজদ গোত্রের ইবনে লুতবিয়্যাহ নামক এক ব্যক্তিকে যাকাত আদায় করার কাজে কর্মচারী নিয়োগ করলেন। সে ব্যক্তি (আদায়কৃত মালসহ) ফিরে এসে বলল, ‘এটি আপনার (বায়তুল মালের), আর এটি আমাকে উপহার সরূপ দেওয়া হয়েছে। এ কথা শুনে আল্লাহর রাসুল (সঃ) মিম্বরে উঠে দণ্ডায়মান হয়ে আল্লাহর প্রশংসা ও স্তুতি বর্ণনা করে বললেন, “অতঃপর বলি যে, আল্লাহ আমাকে যে সকল কর্মের অধিকারী করেছেন, তার মধ্য হতে কোন কর্মের তোমাদের কাউকে কর্মচারী নিয়োগ করলে সে ফিরে এসে বলে কি না, ‘এটি আপনাদের, আর এটি উপহারস্বরূপ আমাকে দেয়া হয়েছে!’ যদি সে সত্যবাদী হয়, তবে তার বাপ মা এর ঘরে বসে থেকে দেখে না কেন, তাকে কোন জিনিস উপহার দেয়া হচ্ছে কি না? আল্লাহর কসম, তোমাদের মধ্যে যে কেউ কোন জিনিস অনধিকার গ্রহণ করবে, সে কিয়ামতের দিন তা নিজ ঘাড়ে বহন করা অবস্থায় আল্লাহ তায়ালার সাথে সাক্ষাত করবে। অতএব আমি যেন অবশ্যই চিনতে না পারি যে, তোমাদের মধ্য হতে কেউ নিজ ঘাড়ে চিঁহি রব বিশিষ্ট উট, অথবা হাম্বা রব বিশিষ্ট গাই, অথবা মে মে রব বিশিষ্ট ছাগল বহন করা অবস্থায় আল্লাহর সাথে সাক্ষাত করেছে।” আবু হুমাইদ (রঃ) বলেন, অতঃপর নবী (সঃ) তার উভয় হাতকে উপর দিকে এতটা তুললেন যে, তার উভয় বগলের শুভ্রতা দেখা গেল। অতঃপর তিনবার বললেন, “হে আল্লাহ! আমি কি পৌঁছে দিলাম?” (বুখারি ও মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2250

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন